

“ দু’টি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়।”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়

১২৫/এ, দারুস সালাম, এ.ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
পিএবিএক্স- ৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স- ৫৫০৭৯৪৪৩
E-mail-dg@nimc.gov.bd, web-www.nimc.gov.bd

স্মারক: ১৫.৫৫.০০০০.৩০৫.০৭.০৫৭.১৭.৭৯৭


তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: Request For Quotation (RFQ) Method অনুযায়ী পুন: দরপত্র প্রস্তাব দাখিল।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের দাপ্তরিক ও প্রশিক্ষণ কাজে ব্যবহারের জন্য ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের জন্য Request For Quotation (RFQ) Method অনুযায়ী পুন: দরপত্র প্রস্তাব আহ্বান করা হয়েছে। ইনস্টিটিউট কর্তৃক প্রস্তুতকৃত Schedule সংগ্রহ করে আপনার প্রতিষ্ঠানকে দরপত্র প্রস্তাবে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। দরপত্র জমাদানের সর্বশেষ তারিখ ১১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ বেলা ০২:০০ মিনিট পর্যন্ত। একই তারিখ বেলা ০২:৩০ টায় Tender Evaluation Committee (TEC) কর্তৃক দরপত্র প্রস্তাব খোলা ও প্রাপ্ত দরপত্র মূল্যায়নের পর বিধি অনুযায়ী ক্রয় আদেশ প্রদান করা হবে।

শর্তাবলী:-

০১. ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের পর জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক মহোদয় প্রদত্ত ব্যয় মঞ্জুরীর ভিত্তিতে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার (তথ্য) মাধ্যমে বিলের মূল্য পরিশোধ করা হবে।
০২. দরপ্রস্তাব গ্রহণের বিষয়ে অত্র ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং সংগৃহীত কোটেশনের বিপরীতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের দাপ্তরিক ও প্রশিক্ষণ কাজে ব্যবহারের জন্য ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের বিষয়টি অত্র ইনস্টিটিউটের এখতিয়ারভুক্ত।
০৩. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণ করে ক্রয় কার্য সম্পন্ন করা হবে।
০৪. সংশ্লিষ্ট পণ্যাদি সঠিক ও সম্পূর্ণ নতুন হবে।


মোহা: আব্দুস সালাম
প্রোগ্রামার (চলতি দায়িত্ব)
মহাপরিচালকের পক্ষে
দূরাঃ ৫৫০৭৯৪৩৭

বিতরণঃ-

- ১। নোটিশ বোর্ড, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
- ২। সহকারি প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। নোটিশ বোর্ড, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৪। মেসার্স
- ৫। সংশ্লিষ্ট নথি।